

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট
জয়দেবপুর, গাজীপুর

স্মারক নং-১২.২১.০০০০.০০৫.২৭.১৪১.১৮-৩২০২

তারিখ: ০১-১০-২০১৮ খ্রি.

বিষয়: জনাব মো: মনিরুজ্জামান, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, কৃষি গবেষণা কেন্দ্র, পাহাড়তলী, চট্টগ্রাম এর বিরুদ্ধে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০১১ এর ৩৭ (ক) (খ) (ঙ) (চ) (ছ) উপ-প্রবিধি মোতাবেক বিভাগীয় মামলা রুজুকরণ

অভিযোগনামা

যেহেতু আপনি জনাব মো: মনিরুজ্জামান, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, কৃষি গবেষণা কেন্দ্র, পাহাড়তলী, চট্টগ্রাম কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার দায়িত্ব পালনকালে “বিএআরআই এর গবেষণা ও গবেষণা অবকাঠামো উন্নয়ন ও সম্প্রসারণ” শীর্ষক প্রকল্পের আওতায় Single Accomodation for Officer-2 unit (116 sqm) ভবন নির্মাণের জন্য আরডিপিপিতে ১১৬ বর্গমিটার বরাদ্দ ছিল কিন্তু আপনি আরডিপিপিতে উল্লিখিত অনুমোদিত বরাদ্দ পরিবর্তন করে ভবনের আয়তন ১১৬ বর্গমিটারের পরিবর্তে ১২৩ বর্গমিটার নির্মাণ করেন এবং বরাদ্দের অতিরিক্ত ০৭ (সাত) বর্গমিটারের জন্য ২-৩ ফুট অতিরিক্ত উচু বেইজ লাইন নির্মাণ করে রাখেন। পরবর্তীতে উক্ত বাসা আপনার নামে বরাদ্দ প্রদান করা হলে আপনি কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার দায়িত্ব পালনকালে পূর্বে নির্মিত অননুমোদিত বেইজ লাইনের উপর কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে নিজস্ব অর্থায়নে অতিরিক্ত ০১ (এক)টি কক্ষ নির্মাণ করেছেন;

২) যেহেতু আপনার নিয়ন্ত্রণকারী কর্মকর্তা ড. এ এস এম হারুনুর রশীদ আপনাকে মৌখিকভাবে আপনার নামে বরাদ্দকৃত বাসার সাথে কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে অতিরিক্ত ০১ (এক)টি কক্ষ নির্মাণে নিষেধ করা সত্ত্বেও আপনি জনাব মো: মনিরুজ্জামান, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, কৃষি গবেষণা কেন্দ্র, পাহাড়তলী, চট্টগ্রাম সরকারী জায়গায় বিধিবিহীনভাবে স্থাপনা নির্মাণ করেছেন;

৩) যেহেতু আপনি জনাব মো: মনিরুজ্জামান, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, কৃষি গবেষণা কেন্দ্র, পাহাড়তলী, চট্টগ্রাম উর্ধ্বতন কর্তৃপক্ষের কোনরূপ অনুমতি ব্যতিরেকে কৃষি গবেষণা কেন্দ্র, পাহাড়তলী, চট্টগ্রাম কেন্দ্রের ল্যাবরেটরীর অংশবিশেষ অফিস কক্ষ হিসেবে ব্যবহার করছেন;

৪) যেহেতু আপনি জনাব মো: মনিরুজ্জামান, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, কৃষি গবেষণা কেন্দ্র, পাহাড়তলী, চট্টগ্রাম কেন্দ্রের সরকারী জায়গায় নিজস্ব অর্থায়নে স্থাপনা নির্মাণ করে সরকারী জমি বে-দখল করেছেন এবং ইনস্টিটিউটের ভাবমূর্তি ক্ষুণ্ণ করেছেন;

৫) যেহেতু আপনার উক্তরূপ কার্যকলাপ ও আচরণ বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০১১ এর ৩৭ (ক) (খ) (ঙ) (চ) ও (ছ) উপ-প্রবিধি অনুযায়ী দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ, সরকারী সম্পত্তি দখল, প্রতারণা ও ইনস্টিটিউটের ক্ষতিকর কার্যের পর্যায়ভুক্ত এবং শাস্তিযোগ্য অপরাধ;

৬) যেহেতু আপনার উল্লিখিত কার্যকলাপ বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০১১ এর ৩৭ (ক) (খ) (ঙ) (চ) ও (ছ) উপ-প্রবিধি অনুযায়ী দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ, সরকারী সম্পত্তি দখল, প্রতারণা ও ইনস্টিটিউটের ক্ষতিকর কার্যের আওতায় পড়েছে। সেহেতু, আপনাকে উক্ত প্রবিধি মোতাবেক অভিযুক্ত করা হলো। উল্লিখিত কারণে কেন আপনাকে চাকুরী হতে বরখাস্ত করা হবে না অথবা আপনার বিরুদ্ধে অন্য কোন উপযুক্ত দন্ড প্রদান করা হবে না তার লিখিত জবাব অভিযোগনামা প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট দর্শানোর জন্য নির্দেশ দেয়া হলো এবং আপনি আত্মপক্ষ সমর্থনে ব্যক্তিগত শুনানী চান কিনা তাও লিখিত জবাবে উল্লেখ করার জন্য নির্দেশ প্রদান করা হলো। নির্ধারিত সময়ের মধ্যে জবাব প্রদানে ব্যর্থ হলে আপনার বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

৭) যে অভিযোগ বিবরণীর উপর ভিত্তি করে এ অভিযোগনামা প্রস্তুত করা হয়েছে তার একটি অভিযোগের বিবরণী এতদসঙ্গে প্রেরণ করা হলো।

স্বাক্ষরিত/-

(ড. আবুল কালাম আযাদ)
মহাপরিচালক (চলতি দায়িত্ব)
ফোন: ০২-৪৯২৭০০০০

জনাব মো: মনিরুজ্জামান
উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা
কৃষি গবেষণা কেন্দ্র, পাহাড়তলী, চট্টগ্রাম।

অনুলিপি:

- ১। পরিচালক (গবেষণা/সেবা ও সরবরাহ/প্রশিক্ষণ ও যোগাযোগ/পরিকল্পনা ও মূল্যায়ন), বিএআরআই, জয়দেবপুর, গাজীপুর
- ২। মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, এএসআইসিটি বিভাগ, বিএআরআই, গাজীপুর (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)
- ৩। প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, কৃষি গবেষণা কেন্দ্র, পাহাড়তলী, চট্টগ্রাম
- ৪। উপ-পরিচালক (প্রশাসন/অর্থ ও হিসাব), বিএআরআই, জয়দেবপুর, গাজীপুর
- ৫। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিএআরআই, জয়দেবপুর, গাজীপুর
- ৬। মাস্টার ফাইল
- ৭। ব্যক্তিগত নথি
- ৮। সংশ্লিষ্ট নথি।

(মোঃ মাহমুদুল হাসান)

সিনিয়র সহকারী পরিচালক (প্রশাসন) (অ.দা.)

মহাপরিচালকের পক্ষে

ফোন: ০২-৪৯২৭০০১০/৫৪৯২